

**M.A. PART-I EXAMINATION : 2021 (CDOE) B.U.**

**বিষয় : বাংলা**

**দ্বিতীয় পত্র**

**পূর্ণমান : ৪০**

**সময় : ২ ঘণ্টা**

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করুন)

**প্রথম অর্ধ (মান : ২০)**

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :**

**প্রশ্নমান : ১০×২=২০**

- ক) চর্যাগীতি গ্রন্থের নামকরণ বিষয়ে ‘নানা মুনির নানা মত’ — এ বিষয়ের উপর আলোকপাত করুন।  
খ) সন্ধ্যাভাষা বলতে কী বোঝেন? চর্যাগানে সন্ধ্যাভাষার যে পরিচয় পাওয়া যায় তা উদাহরণসহ লিখুন।  
গ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের নামটি পুথিতে নেই, সেক্ষেত্রে এই নামকরণ কতটা যুক্তিযুক্ত সে বিষয়ে বিস্তৃত আলোচনা করুন।  
ঘ) বিপ্রদাসের ব্যক্তিপরিচয় তুলে ধরে তাঁর কাব্যের রচনাকাল নির্ণয় করুন।

দ্বিতীয় পত্র প্রথম অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

**দ্বিতীয় অর্ধ (মান : ২০)**

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :**

**প্রশ্নমান : ১০×২=২০**

- ক) ‘ভারতকামিনী’ ও ‘ভারতবিলাপ’ কবিতায় হেমচন্দ্রের স্বদেশভাবনার যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করুন।  
খ) ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতায় স্বদেশ ভাবনার বৈশিষ্ট্যগুলি কবিতা অবলম্বনে আলোচনা করুন।  
গ) অক্ষয়কুমার বড়ালের কবিতায় বিষাদভাবনার পরিচয় কীভাবে রক্ষিত হয়েছে ?  
ঘ) রাম-কথার পুনর্নির্মাণে ‘মেঘনাদবধ কাব্য’-এ লক্ষ্মণ ও বিভীষণ চরিত্র কীভাবে ঐতিহ্যের বিপরীতে সংস্থাপিত হয়েছে তা কাব্যানুসারে আলোচনা করুন।

দ্বিতীয় পত্র দ্বিতীয় অর্ধের উত্তর ফ্রন্ট পেজ ছাড়া ৫ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।